আলমডাঙ্গার বকসিপুর থেকে ট্যাপেন্টা ট্যাবলেটসহ মাদক ব্যবসায়ী

আলমডাঙ্গার বকসিপুর গ্রাম থেকে ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আমিরুল ইসলাম নামের এক মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার রাতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করে পুলিশ।

জানা গেছে,আলমডাঙ্গার বকসিপুর গ্রামের মৃত খলিলুর রহমানের ছেলে আমিরুল ট্যাপেন্টাডল ট্যাবলেট কেনাবেচা করে বলে পুলিশের কাছে সংবাদ আসে।

সংবাদের ভিত্তিতে থানার অফিসার ইরচার্জ সাইফুল ইসলামের নেতৃত্বে এসআই (নিঃ) মনিরুল ইসলাম, সঙ্গীয় অফিসার এএসআই (নিঃ) মোঃ শামিনুর রহমান ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

অভিযানে আমিরুল ইসলামকে আটক করে পুলিশ। এ সময় তার কাছ থেকে ৩১ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। আটক আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালিত

আলমডাঙ্গার বধ্যভূমি সংলগ্ন সরকারী জমিতে গড়ে উঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান চালানো হয়েছে। বুধবার বেলা ১১টার দিকে নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার ভূমি এ অভিযান পরিচালনা করেন।

জানা গেছে,আলমডাঙ্গার বধ্যভূমি সংলগ্ন এলাকায় সরকারী জমিতে বেশকিছু অবৈধ স্থাপনা গড়ে ওঠে। এসব স্থাপনা সরিয়ে নিতে ইতিপূর্বে

নির্দেশ দেওয়া হয়। নির্দেশ অমান্য করে স্থাপনা না সরিয়ে নিলে গতকাল প্রশাসন উচ্ছেদ অভিযান পরিচালনা করেন।

পরিচালিত এ অভিযানে ১টি স’ মিল, দুটি দোকান ও ৩ টি কাঁচাঘর উচ্ছেদ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর, সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ ও থানা পুলিশের একদল ফোর্স।

আলমডাঙ্গায় কম্পিউটারের দোকানে চুরির ঘটনায় মালামাল, ৪ শিক্ষার্থী আটক

আলমডাঙ্গায় টেলিকমের দোকানে চুরির ঘটনায় ৪ এসএসসি পরীক্ষার্থী আটক করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার রাতে পু্লশি উপজেলার হাটবোয়ালিয়া গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করে।

এ সময় ওই শিক্ষার্থীদের বাড়ি থেকে উদ্ধার করেছে কম্পিউটারের মনিটরসহ মোবাইল ও দোকানের অন্যান্য মালামাল। আটক ৪ জন হলো হাটবোয়ালিয়া গ্রামের আজমত। উল্লাহ হুদার ছেলে আব্দুল্লাহ আল ফুয়াদ (১৬), একই উপজেলার ফুল বগাদি গ্রামের আব্বাস উদ্দিনের ছেলে রেশাদ আলী (১৭) মেহেরপুর জেলার গাংনি উপজেলার শালদাহ গ্রামের ছায়েদুল ইসলামের ছেলে সুফাইফ হাসান সিজান (১৬), ও নগরবোয়ালিয়া গ্রামের শুকুর আলীর ছেলে সাইফুল ইসলাম শান্ত (২৬)। আটকৃতদের বিরুদ্ধে চুরির মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের সোহরাব হোসেনের ছেলে আনিছুর রহমান আলো হাটবোয়ালিয়া বাজারে ‘মুক্তা কম্পিউটার এন্ড মিউজিক পয়েন্ট’ নামের একটি প্রতিষ্ঠান দিয়ে ব্যবসা করেন। গত ১ জানুয়ারী রাতে ওই ব্যবসা প্রতিষ্ঠানের টিন কেটে চুরির ঘটনা ঘটে। চোরেরা কম্পিউটার মনিটর,মোবাইল সেট, হার্ডডিক্স,মেমোরী কার্ড, হেডফোনসহ দোকান থেকে ২ লাখ টাকার বিভিন্ন মালামাল নিয়ে যায়। চুরির বিষয়টি দোকান

মালিক পু্লশিকে জানিয়ে পুনরায় মালামাল কিনে ব্যবসা শুরু করেন। একই ভাবে গত ১০ ফেব্রুয়ারী রাতে দোকানের পেছনে সিঁদ কেটে চোরেরা আইপিএস ব্যাটারী, ছোটবড় হেডফোন ৩শ’ পিচ, গ্লাস পেপার,২ হাজার মোবাইল গ্লাস পেপার,ইউপিএস, ৩ টি টাচ মোবাইল সেট,সিসি ক্যামেরাসহ ১ লাখ ২০ হাজার টাকার মালামাল নিয়ে যায়।

পুনরায় চুরির ঘটনা হাটবোয়ালিয়া ক্যাম্পে জানালে ক্যাম্প পুলিশ চোরদের ধরতে তৎপরতা শুরু করে। ২১ ফেব্রুয়ারী রাতে চুরি হওয়া একটি মোবাইল উপজেলার মোড়ভাঙ্গা গ্রামে নানার বাড়িতে থাকা অবস্থায় সুফাইফ হাসান সেজানের কাছ থেকে উদ্ধার করে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদে সে মোবাইলে দোকানে চুরির ঘটনা স্বীকার করে। তার তথ্যের ভিত্তিতে ওই রাতেই পুলিশ হাটবোয়ালিয়া গ্রাম থেকে আব্দুল্লাহ আল ফুয়াদকে আটক করে। তার বাড়ি থেকে উদ্ধার হয় ৩টি পুরাতন টাচ মোবাইল সেট,৬ টা নষ্ট বাটন ফোন,১টি ইউপিএস,২টি কী- বোর্ড,১টি সিসি ক্যামেরা, ১২টি ব্লুটিথ হেডফোন,৯৩ টি হেডফোন,২টি স্পিকার,২১০টি মোবাইলের ব্যাকপ্যাড,১টি রাউটার,৮টি চার্জার,৭২৩ টি মোবাইলের গ্লাস পেপার,১০ টি চার্জারের মাথাসহ ২ লাখ ১৬ হাজার টাকার মালামাল উদ্ধার করা হয়। পরে ফুয়াদের দেয়া তথ্যের ভিত্তিতে নগরবোয়ালিয়া গ্রামের সাইফুল ইসলাম শান্তকে আটক করে পুলিশ। সেখান থেকে উদ্ধার করা হয় ১৯ ইঞ্চি মনিটর। আটক ৩ জন চুরির ঘটনা স্বীকার করে রেশাদ নামের আরও এক জনের নাম জানায়। রাতেই পুলিশ রেশাদকে আটক করে। আটক ৪ জনই মেরটি স্কুলের ছাত্র এবং এসএসসি পরীক্ষার্থী। চুরির এই ঘটনায় দোকান মালিক বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছেন।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম জানান, চোরাই একটি মোবাইল উদ্ধার ও একজনকে আটকের পর চুরির ঘটনায় জড়িতদের আটক ও তাদের কাছ থেকে চোরাই মালামাল উদ্ধার করা হয়েছে।

দামুড়হুদায় ওয়ারেন্ট ভুক্ত

পলাতক আসামি গ্রেফতার

দামুড়হুদায় ছয়টি ওয়ারেন্ট ভুক্ত একজন পলাতক আসামিকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

বুধবার সকাল ৮টার দিকে রংপুর থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলার চন্দ্রাবাস গ্রামের আলী আহমদ এর ছেলে আশরাফুজ্জামান ওরফে আশরাফুল (৩৮)।

পুলিশ সুত্রে জানাগেছে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই আসাদ ও এএসআই শাহাবুদ্দীন লস্কর বিভিন্ন স্থানে অভিযান চালায় এবং শ্বাস রুদ্ধ কর অভিযান শেষে রংপুর থেকে ছয়টি সি আর গ্রেফতারী পরোয়ানাভুক্ত আসামি আশরাফুজ্জামান ওরফে আশরাফুলকে গ্রেপ্তার করেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন ছয়টি সি আর গ্রেফতারী পরোয়ানাভুক্ত এক জন আসামী গ্রেফতার হয়েছে। আজ বৃহস্পতিবার তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদায় প্রাথমিক শিক্ষা পদক ক্রীড়া, সাংস্কৃতিক ও কুইজ প্রতিযোগিতা

দামুড়হুদায় প্রাথমিক শিক্ষা পদক ক্রীড়া, সাংস্কৃতিক ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপজেলার ১১৬ টি স্কুলের মধ্যে ইউনিয়ন পর্যায়ে ৫৪ টি ইভেন্টে প্রথমস্থান অধিকারকারী শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অংশ নেয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন।দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, শুভেচ্ছা বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম।

উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে ও উপজেলা পরিষদের সহযোগিতায় অনুষ্ঠিত দিনব্যাপী প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরুষ্কার তুলে দেন প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

সার্বিক সহযোগিতায় ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন, নুর ইসলাম, ছবির উদ্দিন, শাহরিয়ার কবির ও সেলিম রেজা।

চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী কমিটির সভা ও বিপি দিবস অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভার এর কার্যনির্বাহী কমিটির সভা,বিপি দিবস উপলক্ষে কেক কাটা, এবং আলোচনা পরবর্তী র্যালি অনুষ্ঠিত হয়েছে ।

বুধবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খানের উপস্থিতিতে চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী সভা ও বিপি দিবস অনুষ্ঠিত হয়।

এসময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলার রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, স্কাউট এর তিনটি শাখা কাব স্কাউট, স্কাউট এবং রোভার স্কাউট সবসময় আর্ত মানবতার জন্য

কাজ করে থাকে । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা ক্রমে ২০২১ সালের মধ্যে বাংলাদেশে ২১ লক্ষ স্কাউট তৈরীর লক্ষ ইতিমধ্যে অর্জন করেছে বাংলাদেশ। সেইসাথে ২০৪১ সালের মধ্যে ৪১ লক্ষ স্কাউট তৈরীর লক্ষ্যে কাজ করছে বাংলাদেশ। স্কাউট রাষ্ট্রের সকল প্রকার কার্যক্রমে বিশেষভাবে সেবা প্রদান করে থাকে ।

এ সময় তিনি আরোও বলেন, স্মার্ট বাংলাদেশের লক্ষ্য নিয়ে বাংলাদেশ যে পথে এগিয়ে যাচ্ছে সেই জন্য তিনি কাব স্কাউট স্কাউট এবং রোভার স্কাউটদের বিশেষভাবে অবদান রাখা এবং ইউনিট লিডারদের প্রতি বিশেষ ভাবে অনুরোধ জ্ঞাপন করেন।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বিপি দিবস উপলক্ষে কাব স্কাউট, স্কাউট, রোভার এবং ইউনিট লিডারদের নিয়ে স্কাউটের প্রতিষ্ঠাতার জন্মদিন উপলক্ষে কেক কাটেন। স্কাউট এর প্রতিষ্ঠাতা রবার্ট স্টিভেন্সন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল স্কাউটদের মাঝে তিনি বি.পি. এবং গিলওয়েলের ব্যাডেন পাওয়েল নামেও সমাধিক পরিচিত।

উক্ত আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সহ সভাপতি প্রফেসর আজিজুর রহমান, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজের অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সহ-সভাপতি আবু রাশেদ,চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর রেজাউল করিম, চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক জাহিদুল হাসান, চুয়াডাঙ্গা জেলা স্কাউটস এর সম্পাদক তানভীর আহমেদ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের রোভার ইউনিট লিডার ও জেলা স্কাউট এর বিভিন্ন প্রতিষ্ঠানের রোভার ইউনিট লিডার সহ চুয়াডাঙ্গা জেলার সকল প্রতিষ্ঠান রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদ পরিদর্শন করলেন এডিসি আরাফাত রহমান

দামুড়হুদা উপজেলার ৬নং হাউলী ইউনিয়ন পরিষদ পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা স্থানীয় সরকার পরিচালক (ভারপ্রাপ্ত) আরাফাত রহমান। বেলা ১১টার দিকে তিনি সরজমিনে পরিদর্শন করেন।

এ সময় তিনি ইউনিয়ন পরিষদের বিভিন্ন প্রকল্প, সব ধরনের রেজিস্টার, ট্যাক্স, জন্ম-মৃত্যু নিবন্ধন, চলমান কার্যক্রমসহ ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন।

এসময় তিনি বলেন বর্তমান সরকারের আমলে ইউনিয়ন পরিষদের মাধ্যমে সব ধরনের নাগরিক সেবা প্রদান করা হচ্ছে। জন সেবায় যেন কোন ধরনের সমস্যা সৃষ্টি না হয় সেদিকে সবাইকে বিশেষভাবে খেয়াল রাখতে বলেন। ইউনিয়ন পরিষদ পরিদর্শন করে তিনি সন্তুষ প্রকাশ করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান নিজাম উদ্দিন, প্যানেল চেয়ারম্যান (২) শহিদুল ইসলাম, ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন, ইউপি সদস্য শাহজামাল, সেলিম উদ্দিন, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, ডিজিটাল সেন্টারের উদ্যক্তা মাহমুদা খাতুন ও সৌরভ হোসেন প্রমূখ।

দামুড়হুদা উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১২টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে এই সার বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতেই সার বীজ মনিটরিং কমিটির পক্ষ থেকে নবাগত উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতাকে ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম, বিএডিসি সভাপতি নজরুল ইসলাম, বিসিআইসি ডিলার সাইফুল ইসলাম, নজরুল ইসলাম, ইয়াসিন আলী, মনিরুল হক, হাবিব, আনোয়ার, রবিউল ইসলাম প্রমুখ।

দামুড়হুদায় কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে জরুরী সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১২টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন দামুহুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির। এ সময় তিনি বলেন উপজেলায় আউশধান রোপনের জন্য ৩৮শত জন কৃষকের মাঝে প্রণোদনা দেওয়া হবে। বিঘা প্রতি আউশের ব্রীধান-৪৮ জাতের বীজ ৫ কেজি, ডিএপি সার ১০ কেজি এবং এমওপি সার ১০ কেজি করে দেওয়া হবে।

আউশের মৌসুমে সকল ইট ভাটায় পতিত জমিতে যদি এই ধান উৎপাদন করা হয় তাহলে উপজেলায় আরো বেশি ধান উৎপাদন হবে। উপজেলায় পাট চাষীদের

জন্য ৭ হজার ৬শত ৬০ জনকে বিঘা প্রতি ১ কেজি করে পাটের বীজ দেওয়া হবে। এই লক্ষ্যে প্রতিটা ইউনিয়ন পরিষদে তালিকা তৈরি হবে, ওই তালিকায় যেন প্রকৃত কৃষকদের নাম থাকে সে ব্যাপারে উপজেলার সহকারি কৃষি কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদের ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, বিএডিসি সভাপতি নজরুল ইসলাম, বিসিআইসি ডিলার সাইফুল ইসলাম, নজরুল ইসলাম, ইয়াসিন আলী, মনিরুল হক, হাবিব, আনোয়ার, রবিউল ইসলাম প্রমুখ।

দর্শনায় ১৪৭ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার ১

দর্শনায় ফেনসিডিল সহ ঝাঁঝাডাঙ্গার শাহজাহান (৩০) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই রাম প্রসাদ সরকার, এএসআই তুহিন হোসেন, এএসআই হাফিজুর রহমান ও সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানন চালায় দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামস্থ ঘোনার মাঠগামী ইটের সলিং রাস্তার উত্তর পাশে।

এ সময় আজিতের ভূট্টা ক্ষেত হতে আমদানী নিষিদ্ধ ভারতীয় ১৪৭ বোতল ফেন্সিডিল সহ শাহজাহান (৩০) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতার হওয়া মাদক ব্যাবসায়ী শাহজাহান দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা গ্রামের মৃত হযরত আলীর ছেলে।

গ্রেফতারকৃত আসামীসহ পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায়